

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৯৫.৯৯.২০.২০২৩. ৬৫৬

তারিখ: ০৪ পৌষ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: জনাব মো: বাদশাহ হোসেন (১২০৬১), সহযোগী অধ্যাপক (অর্থনীতি) প্রেষণে উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী এর বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: বাদশাহ হোসেন (১২০৬১), সহযোগী অধ্যাপক (অর্থনীতি) প্রেষণে উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড রাজশাহী এর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগ উত্থাপিত হয়েছে:

ক) বিভিন্ন ধরনের কৌশল অবলম্বন করে সকল প্রকার কাজে চেয়ারম্যান ও সচিবকে অসহযোগিতা করে বোর্ডের সার্বিক কার্যক্রমকে বাধাগ্রস্ত করা;

খ) উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অবহেলা, তুচ্ছ তাচ্ছিল্য ও দায়িত্ব পালনে অনীহা, সহকর্মীদের সাথে দুর্ব্যবহার করা;

গ) মৃত কর্মচারী মো: আব্দুল মতিন, এর নথিপত্র সরবরাহকারী পেনশনের উত্তরাধিকারী ছেলেকে তার প্রাপ্য বিভিন্ন উৎসবভাতা প্রদান না করে উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা) অনেক দিন যাবৎ হয়রানি করা এবং উৎকোচ দাবী করা;


ঘ) বোর্ডের স্থায়ী কর্মকর্তা ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তার মধ্যে বিভেদ তৈরিতে সর্বদা নিজেকে নিয়োজিত রাখা;

ঙ) প্রাপ্তন চেয়ারম্যান থাকাকালীন সময়ে অর্থ সংক্রান্ত গোপনীয় কাগজপত্র অফিসের বাইরে গোপনে সরবরাহ করে প্রেষণে নিয়োজিত কর্মকর্তা ও বোর্ডের কর্মকর্তাদের মধ্যে কৌশলে বিবাদ সৃষ্টি করা;

চ) বোর্ডের আর্থিক ব্যাপারে কোনো পরামর্শ চাইলে ভুল ব্যাখ্যা দেয়া এবং বিভিন্ন ব্যাপারে সত্যকে আড়াল করে ইচ্ছাকৃত মনগড়া ব্যাখ্যা প্রদান করা;

ছ) রাজশাহী শিক্ষা বোর্ডের ০৫ (পাঁচ) জন চতুর্থ শ্রেণির কর্মচারীর এবং জন তৃতীয় শ্রেণির কর্মচারীর ২০২১-২০২২ অর্থ বছর (কর বছর ২০২২-২০২৩) আয়কর বাবদ অতিরিক্ত ১,১৩,৩৩০/- (এক লক্ষ তের হাজার তিনশত ত্রিশ) টাকা কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান করা। এ ব্যাপারে সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড তাতে সংশ্লিষ্ট কর্মচারীদের টাকা ফেরত বা সমন্বয় করার জন্য আদেশ দিলেও অদ্যাবধি সেই আদেশ পালন না করা এবং এ ধরনের অর্থ সংক্রান্ত কাজে অবহেলা, গাফলতি ও উদসীনতা দেখানো;

২। উপরোক্ত অভিযোগসমূহের কারণে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় ও শৃঙ্খলামূলক ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না, তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব

জনাব মো: বাদশাহ হোসেন (১২০৬১),
সহযোগী অধ্যাপক (অর্থনীতি) প্রেষণে উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা),
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী।

অনুলিপি:

১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।